

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৭

মে ১০, ২০০৯
তারিখ:-----
বৈশাখ ২৭, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানী অর্থায়নে সুদ হার নির্ধারণ প্রসংগে

আমদানী অর্থায়নে সুদ হার নির্ধারণ প্রসংগে মে ০৫, ২০০৯ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ০৬ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের মাধ্যমে নিত্য প্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরণকল্পে এবং আসন্ন রমজান মাসে এ সব পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার নিমিত্তে ভোজ্য তেল (পরিশোধিত ও অপরিশোধিত), ছোলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, খেঁজুর, ফলমূল আমদানী অর্থায়নে সুদের হার সর্বোচ্চ ১২% এ নির্ধারণ করা হয়। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, চিনি আমদানী অর্থায়নেও সুদের এ সর্বোচ্চ হার অর্থাৎ ১২% প্রযোজ্য হবে।

সূত্রোক্ত সার্কুলারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫